# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ২. ৫. মূল পুস্তকগুলোর বক্তব্যের পার্থক্য

সম্মানিত পাঠক, পার্থক্য বা ভিন্নতা শুধু পুস্তকগুলোর ক্ষেত্রেই নয়। যে পুস্তকগুলো সকল বাইবেলের মধ্যে বিদ্যমান সেগুলোর বক্তব্যের মধ্যেও অনেক ভিন্নতা রয়েছে। উইকিপিডিয়ার সেপ্টুআজিন্ট (Septuagint) প্রবন্ধ থেকে ইহুদি ও খ্রিষ্টান সকলের নিকট স্বীকৃত 'তৌরাত' নামে প্রসিদ্ধ পঞ্চপুস্তক থেকে দু'টা নমুনা পেশ করছি। (http://en.wikipedia.org/wiki/Septuagint)

প্রথম নমুনা: আদিপুস্তক চতুর্থ অধ্যায়ের ৭ শ্লোক (Genesis 4:7)

সেপ্টুআজিন্ট বা গ্রিক পুরাতন নিয়মে (NETS) এ শ্লোকটা নিম্নরূপ: "If you offer correctly but do not divide correctly, have you not sinned? Be still; his recourse is to you, and you will rule over him.": "যদি তুমি সঠিকভাবে নিবেদন/ উৎসর্গ কর কিন্তু সঠিকভাবে বণ্টন না কর, তবে তুমি কি পাপ করলে না? স্থির/ শান্ত হও; তার আশ্রয়/ অবলম্বন তোমার প্রতি, এবং তুমি তার উপর রাজত্ব/ শাসন করবে।"

ইহুদি বাইবেলে (Masoretic/ MT: Judaica Press) শ্লোকটা নিম্নরূপ:

"Is it not so that if you improve, it will be forgiven you? If you do not improve, however, at the entrance, sin is lying, and to you is its longing, but you can rule over it." "এটাই কি বিষয় নয় যে, যদি তুমি উন্নতি কর, তবে তোমাকে ক্ষমা করা হবে? যাই হোক, যদি তুমি উন্নতি না কর, প্রবেশের সময়েই/ শুরুতেই পাপ অবস্থান করবে, এবং তোমার প্রতিই তা আকাঙ্ক্ষী, কিন্তু তুমি তার উপর রাজত্ব/শাসন করতে পার।"

ল্যাটিন ভলগেট (Latin Vulgate/ Douay-Rheims)-এ শ্লোকটার বক্তব্য নিম্নরূপ:
"If thou do well, shalt thou not receive? but if ill, shall not sin forthwith be present at the door? but the lust thereof shall be under thee, and thou shalt have dominion over it." "তুমি যদি ভাল কর, তুমি কি পাবে না? কিন্তু যদি মন্দ হয় তবে পাপ কি তৎক্ষণাৎ দরজায় উপস্থিত হবে না? কিন্তু তার লালসা/ কামনা তোমার নিচে থাকবে এবং তার উপর তোমার কর্তৃত্ব থাকবে।"

উল্লেখ্য যে, বাংলা বাইবেলগুলোতে উপরের বৈপরীত্য তত সুস্পষ্ট নয়। বাংলা অনুবাদগুলো হিব্রু ও ল্যাটিন পাঠের নিকটবর্তী। কেরি: "যদি সদাচরণ কর, তবে কি গ্রাহ্য হইবে না? আর যদি সদাচরণ না কর, তবে পাপ দ্বারে গুঁড়ি মারিয়া রহিয়াছে। তোমার প্রতি তাহার বাসনা রহিয়াছে, এবং তুমি তাহার উপর কর্তৃত্ব করিবে।"

জুবিলী বাইবেলের অনুবাদ: "সদ্ব্যবহার করলে তুমি কি মুখ উচ্চ করে রাখবে না? কিন্তু সদ্ব্যবহার না করলে পাপই তোমার দ্বারে ওত পেতে বসে রয়েছে। তোমার জন্য সেই পাপ লোলুপ বটে, কিন্তু তা দমন করা তোমার উপরই নির্ভর করবে।"

বাংলাদেশ বাইবেল সোসাইটি কর্তৃক ২০০৬ সালে প্রকাশিত কিতাবুল মোকাদ্দসের অনুবাদ জুবিলী বাইবেলের কাছাকাছি, কিন্তু ২০১৩ সালে প্রকাশিত কিতাবুল মোকদ্দসের অনুবাদ কেরির অনুবাদের অনুরূপ।

দ্বিতীয় নমুনা: দ্বিতীয় বিবরণের ৩২/৪৩ মূসার গীত (the Song of Moses)

ইহুদি বাইবেলের (Masoretic) ভাষ্য: “1 Shout for joy, O nations, with his people. 2 For he will avenge the blood of his servants. 3 And will render vengeance to his adversaries. 4 And will purge his land, his people.”

“১ চিৎকার কর আনন্দের জন্য, হে জাতিগণ, তার প্রজাদের সাথে। ২ কারণ তিনি তার দাসদের রক্তের প্রতিশোধ নিবেন। ৩ এবং প্রদান করবেন প্রতিশোধ তার বিরোধীদের প্রতি। ৪ এবং বিশোধিত করবেন তার দেশ ও তার প্রজাদেরকে।”

কুমরান পাণ্ডুলিপিতে বক্তব্যটা এরকম: “1 Shout for joy, O heavens, with him. 2 And worship him, all you divine ones. 3 For he will avenge the blood of his sons. 4 And he will render vengeance to his adversaries. 5 And he will recompense the ones hating him. 6 And he purges the land of his people.”

“১ চিৎকার কর আনন্দের জন্য, হে আকাশমণ্ডল, তার সাথে। ২ এবং ইবাদত কর তার, তোমরা দেবগণ সকলে। ৩ কারণ তিনি তার সন্তানদের রক্তের প্রতিশোধ নিবেন। ৪ এবং তিনি প্রদান করবেন প্রতিশোধ তার বিরোধীদের প্রতি। ৫ এবং তিনি প্রতিফল দিবেন তাদেরকে যারা তাকে ঘৃণা করে। ৬ এবং বিশোধিত করবেন তার দেশ ও তার প্রজাদেরকে।”

সেপ্টুআজিন্ট বা মূল গ্রিক পুরাতন নিয়মের ভাষ্য: “1 Shout for joy, O heavens, with him. 2 And let all the sons of God worship him. 3 Shout for joy, O nations, with his people. 4 And let all the angels of God be strong in him. 5 Because he avenges the blood of his sons. 6 And he will avenge and recompense justice to his enemies. 7 And he will recompense the ones hating. 8 And the Lord will cleanse the land of his people.”

“১ চিৎকার কর আনন্দের জন্য, হে আকাশমণ্ডল, তার সাথে। ২ আল্লাহর সকল পুত্র তার ইবাদত করুক। ৩ চিৎকার কর আনন্দের জন্য, হে জাতিগণ, তার প্রজাদের সাথে। ৪ এবং আল্লাহর সকল ফেরেশতা তার মধ্যে সুদৃঢ়/ স্থির হোক। ৫ কারণ তিনি তার সন্তানদের রক্তের প্রতিশোধ নিবেন। ৬ এবং তিনি প্রতিশোধ নিবেন এবং ন্যায় প্রতিফল দিবেন তার শত্রুদেরকে। ৭ এবং তিনি প্রতিফল দিবেন তাদেরকে যারা ঘৃণাকারী। ৮ এবং প্রভু পরিস্কার করবেন দেশ এবং তার প্রজাদেরকে।”

ইংরেজি কিং জেমস ভার্শন, রিভাইজড স্টান্ডার্ড ভার্শন ও অন্যান্য ভার্শনে ইহুদি পাঠ গ্রহণ করা হয়েছে। পক্ষান্তরে ইংলিশ স্টান্ডার্ড ভার্শন, নিউ লিভিং ট্রান্সলেশন ইত্যাদি সংস্করণে সেপ্টুআজিন্ট-এর পাঠ অনুসরণ করা হয়েছে। কিন্তু এ সকল অনুবাদে ঈশ্বরের সকল পুত্র (all the sons of God)-এর পরিবর্তে ঈশ্বরের সকল ফেরেশতা (all the angels of God) লেখা হয়েছে। ইন্টারনেটে biblestudytools.com[1], biblegateway.com[2] ইত্যাদি ওয়েবসাইট থেকে পাঠক বিষয়টা বিস্তারিত জানতে পারবেন।

উল্লেখ্য যে, বাইবেলের বাংলা অনুবাদে এ পার্থক্য দৃশ্যমান। কেরির অনুবাদ হচ্ছে: "জাতিগণ, তাঁহার প্রজাদের সহিত হর্ষনাদ কর; কেননা তিনি আপন দাসদের রক্তের প্রতিফল দিবেন, আপন বিপক্ষগণের প্রতিশোধ লইবেন, আপন দেশের জন্য, আপন প্রজাগণের জন্য প্রায়শ্চিত্ত করিবেন।"

জুবিলী বাইবেলের অনুবাদ এরকম: "আকাশমণ্ডল, তাঁর সঙ্গে আনন্দে চিৎকার কর! ঈশ্বরের সকল সন্তান তাঁর সম্মুখে প্রণিপাত করুক! জাতিসকল, তাঁর জনগণের সঙ্গে আনন্দে চিৎকার কর! ঈশ্বরের সকল দূত তাঁর শক্তির কথা প্রচার করুন। কেননা তিনি তাঁর আপন দাসদের রক্তের প্রতিশোধ নেবেন, তাঁর আপন বিরোধীদের উপরেই প্রতিফল ফিরিয়ে দেবেন, যারা তাঁকে ঘৃণা করে, তিনি তাদের যোগ্য মজুরি দেবেন তাঁর আপন জনগণের দেশভূমি শোধন করবেন।"

সম্মানিত পাঠক, ধর্মগ্রন্থের একই পুস্তকের বিভিন্ন সংস্করণের মধ্যে এরূপ ভিন্নতা অ-খ্রিষ্টান গবেষক ছাড়াও আধুনিক অনেক খ্রিষ্টান গবেষককেও প্রচণ্ডভাবে বিব্রত করে। ইহুদি ও খ্রিষ্টান ধর্মগুরুরা দাবি করেন যে, প্রচলিত পঞ্চপুস্তক মূসা (আ.) থেকে হুবহু বর্ণিত অভ্রান্ত ঐশ্বরিক বাণী। এরূপ ভিন্নতা এ দাবির সাথে সাংঘর্ষিক। উল্লেখ্য যে, বাইবেলের প্রায় সকল পুস্তকের সকল শ্লোকেরই একাধিক পাঠ ও ভিন্নতা রয়েছে।

## ফুটনোট

[1] http://www.biblestudytools.com/nlt/deuteronomy/32.html.

[2] https://www.biblegateway.com/passage/?search=Deuteronomy+32

Source — https://www.hadithbd.com/books/link/?id=13824

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন